

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-১ শাখা
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৪.২৬.০০০১.২৬.২৪৮

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ট্রাভেল ডকুমেন্ট ব্যবহার করে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর দিয়ে দেশত্যাগের অনুমতি।

সূত্র: জনাব শিনওয়ারি আকিয়ার খান এর ব্যক্তিগত আবেদন; তারিখ: ০৯-০৩-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন করার লক্ষ্যে চার জন আফগান নাগরিক বাংলাদেশে আসেন। তারা হলেন (১) শিনওয়ারি আকিয়ার খান, পাসপোর্ট নম্বর P00790063, (২) মোহাম্মদ আব্দুল রাজাক, পাসপোর্ট নং P006203743, (৩) ইসমাইল মোহাম্মদ আমিন, পাসপোর্ট নং P00203742 এবং (৪) শিনওয়ারি রহমত গুল, পাসপোর্ট নং P00790063। তারা গত ১৫ ফেব্রুয়ারি, ঢাকার বায়তুল মোকাররম জাতীয় মসজিদে আসরের নামাজ আদায় করার সময় তাদের সাথে থাকা একটি কোমরের ব্যাগ (waist bag) অসাবধানতাবশত: হারিয়ে ফেলেন। অনেক খোঁজাখুঁজির পরও তারা ব্যাগটি পাননি। ঐ ব্যাগের ভিতরে তাদের চারজনের পাসপোর্ট ছিল।

২। পরবর্তীতে তারা বিষয়টি ভারতের আফগান দূতাবাসকে জানালে তারা তাদের আফগানিস্তানে ফেরার জন্য ট্রাভেল ডকুমেন্ট ইস্যু করেন। এছাড়া এ ঘটনায় তারা সংশ্লিষ্ট থানায় একটি সাধারণ ডায়েরি করেন।

৩। এমতাবস্থায়, উল্লিখিত (০৪) জন আফগান নাগরিককে সংযুক্ত ট্রাভেল ডকুমেন্ট ব্যবহার করে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর দিয়ে তাদের নিজ দেশ আফগানিস্তানে ফিরে যাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সর্বোচ্চ সহযোগিতা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি-বর্ণনামতে

১৬-০৩-২০২৬
কাজী আরিফুর রহমান
উপসচিব

অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ (এসবি), ঢাকা।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৪.২৬.০০০১.২৬.২৪৮/১ (১)

তারিখ: ২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক, হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এবং
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



১৬-০৩-২০২৬
কাজী আরিফুর রহমান
উপসচিব